

প্রথম বারের মতো নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটিতে পালিত হলো সংবিধান দিবস



৪ঠা নভেম্বর, ২০২৩ নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটিতে প্রথম বারের মতো পালিত হলো জাতীয় সংবিধান দিবস।

‘জাতীয় সংবিধান দিবস ২০২৩’ উদ্বাপন উপলক্ষে খুলনার নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটিতে আয়োজিত এক সেমিনারে সভাপতিত্ব করেন অত্র ইউনিভার্সিটির আইন বিভাগের প্রধান হাসিবুল হোসাইন সুমন।

উক্ত সেমিনারের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. মোঃ নওশের আলী মোড়ল। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, ডিন ও রেজিস্ট্রার মহোদয়।

সেমিনারে প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সম্মানিত সহকারী অধ্যাপক কাজী মুরাদ হোসেন। উক্ত অনুষ্ঠানের আহবায়ক হিসেবে ছিলেন আইন বিভাগের প্রভাষক শেখ সোহাগ হোসেন। স্বাগত ও শৃঙ্খলার দায়িত্বে ছিলেন আরজ আলী, সহকারী অধ্যাপক, আইন বিভাগ এবং মো. তারিকুল ইসলাম, প্রভাষক, আইন বিভাগ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের শিক্ষকবৃন্দ, কর্মকতা ও কর্মচারীগণ। এছাড়া ও উপস্থিত ছিলেন আইন বিভাগের সকল শিক্ষার্থীবৃন্দ। উক্ত অনুষ্ঠানের আয়োজক হিসেবে ছিলেন আইন বিভাগের ফল-২২ ব্যাচ।

জাতীয় সংগীতের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয় এবং সকল অতিথি বৃন্দকে ফুলের শুভেচ্ছা জানানো হয়। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন আইন বিভাগের প্রভাষক ও উক্ত অনুষ্ঠানের আহবায়ক শেখ সোহাগ হোসেন। তিনি বলেন, “যেসব মহান আদর্শ আমাদের স্বাধীনতা ও পরবর্তীতে সংবিধান প্রণয়নে প্রেরণা জাগিয়েছিল, সেগুলোকে আমাদের হৃদয়ে ধারণ করতে হবে। তবেই এই সংবিধান দিবস পালন সার্থক হবে।” এছাড়া তিনি সমতা, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচারের কথা বিশেষভাবে আলোকপাত করেন।

প্রধান বক্তা তার বক্তব্যে সংবিধানের বিকাশ ও বিচ্যুতি নিয়ে আলোচনা করেন। এখানে তিনি উল্লেখ করেন বিশ্বের লিখিত সংবিধানের মধ্যে বাংলাদেশের সংবিধান একটি শ্রেষ্ঠতম সংবিধান। তিনি তুলে ধরেন, ‘রাষ্ট্রের চার মূলনীতি হিসেবে গৃহীত হয়েছে গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও জাতীয়তাবাদ; যা ছিল বঙ্গবন্ধুর রাজনৈতিক দর্শন এবং মুক্তিযুদ্ধের চেতনার মূর্ত রূপ। তিনি সংবিধানের কিছু বিচ্যুতি তুলে ধরেন। এছাড়া ও তিনি মানুষের মৌলিক অধিকার নিয়ে আলোচনা করেন যে অধিকার গুলো প্রতিটি জনগনের জানা উচিত।

এরপর পর্যায়ক্রমে সকল বক্তারা সংবিধানের উপর তাদের মূল্যবান বক্তব্য রাখেন। শিক্ষার্থীদের দ্বারা পরিচালিত চারটি হেল্প ডেস্ক অতিথিবৃন্দ ঘুরে দেখেন এবং সাংবিধানিক বিভিন্ন বিষয়ে প্রশ্ন করেন। সার্টিফিকেট বিতরণ ও অনুষ্ঠানের সভাপতির বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।